# এসএসসি পরীক্ষা ২০১৮ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

সময়— ২ ঘণ্টা ৩০ মিনিট পূর্ণমান— ৭০

## বাংলাদেশ ও বিশ্বপরিচয়

বিষয় কোড : | ১ | ৫ | ০ |

### সৃজনশীল প্রশ্ন

[দ্রষ্টব্য :- দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।]

**১.** ▶ গত ১৫ সেপ্টেম্বর একটি জাতীয় দৈনিক পত্রিকায় একটি বিশ্ববিদ্যালয়ের ছাত্রদের মারামারির খবর পড়ে রফিক সাহেব খুবই মর্মাহত হন। তার তখন স্বাধীনতা পূর্বে ছাত্রদের বিভিন্ন ভূমিকার কথা মনে পড়ে যায়। তিনি তখন ছাত্র ছিলেন। বিশাল মিছিলে ছাত্ররা শিক্ষার সুযোগ-সুবিধা আদায় ছাড়াও অন্যান্য দাবি নিয়ে এগিয়ে যাচ্ছে। পরে ছাত্রদের সাথে বিভিন্ন শ্রেণির লোক যোগ দেয়। গুলিতে কয়েকজন ছাত্রনেতা রাজশাহী বিশ্ববিদ্যালয়ের একজন শিক্ষক ও শ্রমিক নিহত হয়। রাজপথে, সরকারি অফিস ছাত্রদের নিয়ন্ত্রণে চলে যায়।

ক. পূর্ব পাকিস্তান আওয়ামী মুসলিম লীগের প্রথম সভাপতির দায়িত্ব পালন করেন কে? ১

খ. কীভাবে পূর্ব বাংলা পাকিস্তানের একটি প্রদেশে পরিণত হয়? ২

গ. রফিক সাহেবের কোন আন্দোলনের কথা মনে পড়ে যায়? বর্ণনা কর। ৩

ঘ. শিক্ষার সুযোগ-সুবিধা আদায়ই কি উক্ত আন্দোলনের মুখ্য কারণ ছিল? বিশ্লেষণ কর। ৪

**২.** ▶ নাদিয়ার বাবা একজন মুক্তিযোদ্ধা। মুক্তিযুদ্ধে বীরত্ব দেখানো জন্য তিনি সরকার থেকে পদক পান। তিনি তৎকালীন পাকিস্তান সামরিক বাহিনীর সদস্য ছিলেন। নাদিয়ার চাচা মুক্তিযুদ্ধের সময় ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র ছিলেন। এ পর্যন্ত তিনি সে সময় ঢাকা থেকে গ্রামে চলে আসেন। গ্রামের আরো কয়েকজন ছেলেকে এক সাথে করে তিনি যুদ্ধের ট্রেনিং এর ব্যবস্থা করেন। ট্রেনিং শেষে তারা সবাই মুক্তিযুদ্ধে অংশগ্রহণ করেন।

ক. মুজিবনগর সরকারের ত্রাণ ও পুনর্বাসনমন্ত্রী কে ছিলেন? ১

খ. মুক্তিযুদ্ধকে গণযুদধ বলার কারণ ব্যাখ্যা কর। ২

গ. নাদিয়ার চাচা কোন বাহিনীর সদস্য ছিলেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. স্বাধীনতা অর্জনে কী শুধু নাদিয়ার বাবার মতো মুক্তিযোদ্ধাদেরই ভূমিকা ছিল? তোমার যুক্তি দাও। ৪

**৩.** ▶ সালাম সাহেব তাঁর এলাকার ভোটার কর্তৃক নির্বাচিত জনপ্রতিনিধি। তাঁর দপ্তরে আরো ১২ জন জনপ্রতিনিধি রয়েছে। সালাম সাহেব তাঁর এলাকায় নলকূপ স্থাপন, স্যানিটেশন ব্যবস্থার উন্নয়ন, কৃষকদের সার-বীজ বিতরণ করেন।

ক. মন্ত্রণালয়ের প্রশাসনিক প্রধান কে? ১

খ. বাংলাদেশের প্রশাসনিক কাঠামোর কেন্দ্রবিন্দু কোনটি? ব্যাখ্যা কর। ২

গ. সালাম সাহেব কোন স্থানীয় প্রতিষ্ঠানের প্রধান? ব্যাখ্যা কর। ৩

ঘ. উল্লিখিত সালাম সাহেবের কাজগুলো উক্ত প্রতিষ্ঠানের জন্য যথেষ্ট কি? যুক্তি দাও। ৪

**৪.** ▶ জনাব 'ক' বাংলাদেশের জাতীয় সংসদ নির্বাচনে প্রার্থী হয়েছেন। তিনি তার নির্বাচনী এলাকায় বিভিন্ন ব্যক্তি ও প্রতিষ্ঠানকে প্রকাশ্যে ও গোপনে চাঁদা

http://teachingbd.com

প্রদান করছেন। তিনি সড়ক ও মহাসড়কে অনুমতি ছাড়া সভা করেছেন। কিন্তু তার প্রতিদ্বন্দ্বি প্রার্থীকে প্রচারণা কাজে বাধা দিচ্ছেন।

ক. বাংলাদেশে নির্বাচন কমিশনের মেয়াদ কত বছর? ১

খ. গণতন্ত্র ও নির্বাচনে সম্পর্ক ব্যাখ্যা কর। ২

গ. জনাব 'ক' নির্বাচনের কোন দিক লঙ্ঘন করেছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. জনাব 'খ' এর এ ধরনের আচরণের জন্য কী ধরনের শাস্তি পেতে পারেন? ব্যাখ্যা কর। ৪

৫.▶ নীলিমা তার উপজাতি বান্ধবীর সাথে তাদের বাড়িতে বেড়াতে যায়। সেখানে একটি বিষয় লক্ষ্য করে নীলিমা বিস্মিত হয়। তার বান্ধবীর মা তাদের পরিবারের সকল ক্ষমতা ও কর্তৃত্বের অধিকারী। অথচ নীলিমার পরিবারে নীলিমার বাবা সব ক্ষমতা ও কর্তৃত্বের অধিকারী।

ক. স্বামী-স্ত্রীর ভিত্তিতে পরিবার কত প্রকার? ১

খ. যৌথ পরিবার হ্রাসের কারণ ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে নীলিমা ও তার বান্ধবীর পরিবারের ধরন নিরূপণ কর। ৩

ঘ. এছাড়াও পরিবারের আরও অনেক ধরন আছে-বিশ্লেষণ কর। ৪

৬.▶ মাইশা তার ভাই রনিকে বাংলাদেশ সময় রাত ৮টায় ফোন দিল। রনি জানালা এখানে সকাল আবার শীতকাল বিরাজ করছে। মাইশা খুব অবাক হলো, কারণ তার দেশে এখন গরমকাল।


ক. প্রমাণ সময় কাকে বলে? ১

খ. পৃথিবী আর্দশ গ্রহ-ব্যাখ্যা কর। ২

গ. মাইশা এবং রনির অবস্থানরত স্থান দুটির সময়ের তারতম্য ব্যাখ্যা কর।৩

ঘ. "একই কারণে তাদের স্থান দুটির ঋতু বৈচিত্র্য হয়" যুক্তিসহ বিশ্লেষণ কর। ৪

৭.▶




ক. লালমাই পাহাড় কোথায় অবস্থিত? ১

খ. বাংলাদেশের ভূমি ব্যবহারে জনবসতি কীভাবে প্রভাব ফেলে? ব্যাখ্যা কর।২

গ. মানচিত্রের B চিহ্নিত স্থানের ভূমিরূপ ব্যাখ্যা কর। ৩

ঘ. 'A' চিহ্নিত স্থানের ভূমিরূপ ব্যাখ্যা কর। ৪

৮.▶ শাহরিয়ার যে দেশে বাস করে, সেখানকার অর্থব্যবস্থায় ব্যক্তি মালিকানা দেখা যায়। আবার অনেক ক্ষেত্রে সরকারও সিদ্ধান্ত নেয়। সে পার্শ্ববর্তী একটি দেশে বেড়াতে গিয়ে দেখল সেখানকার অর্থব্যবস্থায় সরকারের সিদ্ধান্ত মুখ্য।

ক. উপযোগ কী? ১

http://teachingbd.com

খ. সৌরশক্তি নবায়নযোগ্য সম্পদ- বুঝিয়ে লেখ। ২
গ. শাহরিয়ার এর দেশের অর্থ ব্যবস্থায় বৈশিষ্ট্যগুলো ব্যাখ্যা কর। ৩
ঘ. উল্লিখিত দুটি অর্থব্যবস্থার মধ্যে কোনটি বেশি যথার্থ বলে তুমি মনে কর। ৪


৯.▶ রশিদ সাহেব এমন একটি প্রতিষ্ঠানে চাকরি করে, যে প্রতিষ্ঠান বিনা জামানতে গ্রামের গরীব জনগণকে ঋণ দেয়। তার ভাই এমন একটি আর্থিক প্রতিষ্ঠানে কাজ করে যে প্রতিষ্ঠানের মূল লক্ষ্য হলো মুনাফা অর্জন এবং বাণিজ্যিক লাভ।

ক. সরকারি অর্থব্যবস্থা কী? ১
খ. "কেন্দ্রীয় ব্যাংক সকল ব্যাংকের ব্যাংকার" ব্যাখ্যা কর। ২
গ. রশিদ সাহেবের ভাই যে ব্যাংকে কাজ করে তার কার্যপদ্ধতি ব্যাখ্যা কর। ৩
ঘ. রশিদ সাহেবের ব্যাংকটি স্বকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করে- তোমার মতামত দাও। ৪

১০.▶ ইউসুফ ও তার স্ত্রী একটি ফ্যাক্টরিতে কাজ করে। তারা ফ্যাক্টরির কাছেই একটি বস্তিতে বাস করে। তাদের ছেলে কামাল এখন প্রায় স্কুল ফাঁকি দিয়ে বন্ধুদের সাথে ঘুরে বেড়ায়। ধীরে ধীরে সে বিভিন্ন অর্থনৈতিক কর্মকাণ্ডে জড়িয়ে পড়ে এবং নানাবিধ সমস্যার সৃষ্টি হয়। কামালের সমবয়সী অনেক ছেলেই এখন বিপদগ্রস্থ।

ক. সামাজিক বিশৃঙ্খলার চরম রূপ কী? ১
খ. সমাজে কীভাবে নৈরাজ্য সৃষ্টি হতে পারে? ব্যাখ্যা কর। ২
গ. কামালের আচরণের পরিবর্তনের কারণ কী? ব্যাখ্যা কর। ৩
ঘ. কামালের আচরণ সংশোধনের উপায়সমূহ তোমার পাঠ্যপুস্তকের আলোকে বিশ্লেষণ কর। ৪

১১.▶ নিচের চিত্রটি দেখ এবং প্রশ্নগুলোর উত্তর দাও।




ক. চিত্রে B চিহ্নিত স্থানটির সংজ্ঞা দাও। ১
খ. বাংলাদেশে উপরের চিত্রের দুর্যোগের কারণ ব্যাখ্যা কর। ২
গ. বাংলাদেশ যদি কখনও উপরের চিত্রের A চিহ্নিত স্থানটি হয় তাহলে বাংলাদেশের কী অবস্থার সৃষ্টি হবে, তা ব্যাখ্যা কর। ৩
ঘ. "একমাত্র আমাদের সচেতনতাই পারে, উদ্দীপকের দুর্যোগটি মোকাবিলায় সাহস যোগাতে" উক্তিটির বিশ্লেষণ কর। ৪

http://teachingbd.com

সময়— ৩০ মিনিট পূর্ণমান— ৩০ **বহুনির্বাচনি অভীক্ষা** বিষয় কোড : | ১ | ৫ | ০ |

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

**১. বায়ুমণ্ডলের যে স্তর দিয়ে বিমান চলাচল করে সেটি কোন স্তর নামে পরিচিত?**
ক স্ট্র্যাটোমণ্ডল খ গুরুমণ্ডল
গ ট্রপোপস ঘ ওজোন স্তর

**২. স্বয়ংসম্পূর্ণ জীবনের জন্য কতিপয় পরিবার ও গ্রামের সমন্বয়ে গঠিত সংগঠনই রাষ্ট্র-উক্তিটি কার?**
ক অধ্যাপক গার্নার খ অধ্যাপক গেটেল
গ এরিস্টটল ঘ ম্যাকাইভার

**৩. বিশ্বের প্রথম এইচআইভি রোগী শনাক্ত করা হয় কত সালে?**
ক ১৯৮১ সালে খ ১৯৮৯ সালে
গ ১৯৯৫ সালে ঘ ২০০১ সালে

**৪. ঢাকায় ২১ ফেব্রুয়ারি ছাত্র হত্যার প্রতিবাদে স্মৃতির মিনার কবিতাটি রচনা করেন কে?**
ক মাহবুব উল আলম চৌধুরী
খ আলাউদ্দিন আল আজাদ
গ আবদুল গাফফার চৌধুরী
ঘ ড. মুনির চৌধুরী

**৫. বাংলাদেশের স্বাধীনতা পরবর্তী খাদ্য সংকট, দুর্নীতি এবং ষড়যন্ত্র রোধে বঙ্গবন্ধু সরকার কোন কর্মসূচি গ্রহণ করেছিলেন-**
ক রিলিফ প্রদান খ শিক্ষার জাতীয়করণ
গ সংবিধান প্রণয়ন ঘ বাকশাল গঠন

**৬. কর্মদক্ষতা, উদ্ভাবনী শক্তি, প্রযুক্তিগত জ্ঞান ইত্যাদি কোন সম্পদের উদাহরণ?**
i. ব্যক্তিগত ii. সমষ্টিগত
iii. জাতীয়
**নিচের কোনটি সঠিক?**
ক i খ ii
গ iii ঘ i, ii ও iii

**৭. রাজনৈতিক দল গঠনের উদ্দেশ্য হলো-**
i. জনপ্রতিনিধি নির্বাচন
ii. পেশিশক্তি প্রদর্শন
iii. সরকারের গঠনমূলক সমালোচনা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

**নিচের অনুচ্ছেদটি পর এবং ৮ ও ৯ নং প্রশ্নের উত্তর দাও:**
গত বছর বার্ষিক পরীক্ষার পর জুয়ানা তার বাবা মায়ের সাথে একটি উপকূলীয় অঞ্চলে বেড়াতে যায়। সেখানে সে জোয়ার ভাটার লোনা ও ভেজা মাটিতে জন্মানো বিভিন্ন ধরনের বৃক্ষ দেখা পায়।

**৮. জুয়ানার দেখা বৃক্ষসমূহ বাংলাদেশের কোন বনভূমিকে নির্দেশ করে?**
ক ক্রান্তীয় চিরহরিৎ বনভূমি
খ পত্র পতনশীল বনভূমি
গ ক্রান্তীয় পাতাঝরা বনভূমি
ঘ গরান বনভূমি

**৯. জুয়ানার দেখা বনভূমির বৈশিষ্ট্য হলো-**
i. টারশিয়ারী যুগের পাহাড়সমূহ
ii. প্লাইস্টোসিন কালের চত্বরভূমি
iii. সাম্প্রতিককালের প্লাবন সমভূমি
**নিচের কোনটি সঠিক?**
ক i খ ii
গ iii ঘ i, ii ও iii

**১০. বাংলাদেশ সরকার পাসপোর্ট ও বিনিময় বিল খাতে প্রচুর অর্থ উপার্জন করে। রাজস্ব আয়ের কোন উৎস হতে এ আয় হয়?**
ক আয়কর খ নন জুডিশিয়াল স্ট্যাম্প
গ রেজিস্ট্রেশন ঘ ভূমি রাজস্ব

**১১. বাংলাদেশে শিল্পের ক্রমোন্নতির ফলে-**
i. নারী শিক্ষার হার বৃদ্ধি পেয়েছে
ii. নারীদের কর্মসংস্থান বৃদ্ধি পেয়েছে
iii. সামাজিকভাবে নারীর অবমূল্যায়ন হয়েছে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

**১২. তমদ্দুন মজলিশ সাংস্কৃতিক সংগঠনটির প্রতিষ্ঠাতা কে?**
ক ড. মুহাম্মদ এনামুল হক
খ অধ্যাপক আবুল কাশেম
গ অধ্যাপক ড. মুহাম্মদ শহীদুল্লাহ
ঘ মোঃ শামসুল হক

**১৩. জনাব ক সকাল ঠিক ১০টার সময় ঢাকায় অবস্থান করেছে। তার এক ডিগ্রি পশ্চিমে অবস্থান করছে জনাব খ। জনাব খ এর অবস্থিত স্থানের সময় কত হবে?**
ক ৯টা ২৪ মিনিট খ ৯টা ৫৬ মিনিট
গ ১০টা ৪ মিনিট ঘ ১০টা ২৪ মিনিট

**১৪. নিচের কোন ব্যক্তি বাংলাদেশ সরকারের এজেন্ট হিসেবে কাজ করেন?**
ক অতিরিক্ত কমিশনার খ জেলা প্রশাসক
গ যুগ্ম সচিব ঘ বিভাগীয় কমিশনার

Teachingbd.com

১৫. ১৯৭৪ সালে বাংলাদেশের মাথাপিছু জমির পরিমাণ কত ছিল?
ক .২২ একর খ .২৫ একর
গ .২৬ একর ঘ .২৮ একর

নিচের অনুচ্ছেদটি পর এবং ১৬ ও ১৭ নং প্রশ্নের উত্তর দাও :

২০১০ সালে ক দেশের মোট জাতীয় আয় ছিল ৯০০০ কোটি মার্কিন ডলার এবং জনসংখ্যা ছিল ১৫ কোটি।

১৬. ২০১০ সালে ক দেশের মাথাপিছু আয় কত মার্কিন ডলার ছিল?
ক ৪০০ খ ৫০০
গ ৬০০ ঘ ৭০০

১৭. উক্ত সূচকটি দ্বারা প্রকাশ পায় ক দেশের মানুষের-
i. জীবনযাত্রার মান ii. সঞ্চয়ের হার
iii. শিক্ষার হার
নিচের কোনটি সঠিক?
ক i খ ii
গ iii ঘ i, ও iii

১৮. ভাষা আন্দোলন পূর্ব বাংলার কোন ভাবাদর্শ ছড়িয়ে দেয়?
ক বাঙালি জাতীয়তাবাদ
খ অসাম্প্রদায়িক মনোভাব
গ দ্বি-জাতি তত্ত্ব ঘ স্ব-জাত্যবোধ

১৯. বাংলাদেশের যৌথ পরিবার ব্যবস্থা ভেঙে যাবার কারণ হলো-
i. দারিদ্র্য জনসংখ্যা বৃদ্ধি
ii. শিল্পায়ন ও নগরায়ণ
iii. নিরক্ষরতা ও অজ্ঞতা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii


২০. সামাজিকীকরণে মুখ্য ভূমিকা পালন করে কোন মাধ্যমটি?
ক বিদ্যালয় খ চলচ্চিত্র
গ পরিবার ঘ খেলার সাথি

২১. অপারেশন সার্চলাইট এর নীল নক্সাকারীরা হলো-
i. টিক্কা খান ii. রাও ফরমান আলী
iii. আইয়ুব খান
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

২২. গণতন্ত্র সর্বপ্রথম প্রচলিত হয়-
ক যুক্তরাজ্যে খ আমেরিকায়
গ গ্রীসে ঘ প্যারিসে

২৩. আন্তর্জাতিক বিচারালয়ের সদর দপ্তর কোন শহরে অবস্থিত?
ক নিউইয়র্ক খ লন্ডন
গ হেগ ঘ প্যারিস

নিচের চিত্রটি লক্ষ কর এবং ২৪ ও ২৫ নং প্রশ্নের উত্তর দাও :




২৪. চিত্রে কোন ঘটনাটি প্রকাশ পাচ্ছে?
ক মরা কটাল খ পূর্ণিমা
গ মুখ্য জোয়ার ঘ অমাবস্যা

২৫. উপরের ঘটনাটি কোথায় বেশি দেখা যায়?
ক ভূ-মধ্যসাগরীয় অঞ্চলে
খ মেরু অঞ্চলে
গ উত্তর গোলার্ধে
ঘ উপকূলবর্তী অঞ্চলে

২৬. নিচের কোনটি নির্বাচন কমিশনের কাজ?
ক জনপ্রতিনিধি বাছাই
খ সরকারি কর্মচারি বাছাই
গ রাজনৈতিক দল গঠন
ঘ রাজনৈতিক দলের সদস্য বাছাই

২৭. জলবায়ু পরিবর্তনের ফলে-
i. মানুষের পেশাগত পরিবর্তন ঘটেছে
ii. সমুদ্রপৃষ্ঠের উচ্চতা বৃদ্ধি পেয়েছে
iii. বিভিন্ন প্রজাতির প্রাণি বিপন্ন হচ্ছে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

২৮. হোস্টেল নির্মাণ পৌরসভার কোন ধরনের কাজ?
ক সমাজ কল্যাণ সংক্রান্ত
খ জননিরাপত্তামূলক
গ বাসস্থান সংক্রান্ত
ঘ শিক্ষা সংক্রান্ত

২৯. ১৯৬৬ সালে পাকিস্তানের প্রশাসনিক চিত্রে কৃষিখাতে বাঙালি কত শতাংশ ছিল?
ক ১৯% খ ২১%
গ ২২% ঘ ২৭%

৩০. হস্তান্তরযোগ্যতা কী?
ক চাহিদার তুলনায় যোগানের সীমাবদ্ধতা
খ কোন দৃশ্যমান বস্তু
গ একজনের নিকট হতে বস্তুটি আরেকজনের পাওয়ার সম্ভাব্যতা
ঘ কোন দ্রব্যের অভাব পূরণের ক্ষমতা

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | গ | ২ | গ | ৩ | ক | ৪ | খ | ৫ | ঘ | ৬ | গ | ৭ | গ | ৮ | ঘ | ৯ | গ | ১০ | খ | ১১ | ক | ১২ | খ | ১৩ | খ | ১৪ | খ | ১৫ | ঘ |
| | ১৬ | গ | ১৭ | ক | ১৮ | ক | ১৯ | ক | ২০ | গ | ২১ | ক | ২২ | গ | ২৩ | গ | ২৪ | ক | ২৫ | ঘ | ২৬ | ক | ২৭ | ঘ | ২৮ | ঘ | ২৯ | খ | ৩০ | গ |

http://teachingbd.com